দৈনিক ইনকিলাব

তারিখ ... NOV. 02 1999
পৃষ্ঠা ১০ ... কলাম ২

309

ঢাকা ভার্সিটি শিক্ষক সমিতি

# ডঃ দিলীপ ভট্টাচার্যের স্মৃতি স্মরণীয় রাখতে তার অনুদানে ট্রাস্ট ফান্ড গঠনের দাবী

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও পালি বিভাগের অধ্যাপক এবং জগন্নাথ হলের আবাসিক শিক্ষক ডঃ দিলীপ কুমার ভট্টাচার্যের মৃত্যুতে এক শোকসভা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার। আলোচনায় অংশগ্রহণ করেন ডঃ পরেশ চন্দ্র মণ্ডল, ডঃ নারায়ণ চন্দ্র বিশ্বাস, ডঃ নূরুর রহমান খান, ফেরদৌস হোসেন, ডঃ সাঈদ-উর-রহমান, ডঃ বদরুন নাহার, ডঃ সুমঙ্গল বড়ুয়া, ডঃ দুর্গাদাস ভট্টাচার্য, ডঃ দুলাল ভৌমিক, ডঃ শুকোমল বড়ুয়া, ডঃ ডালেম চন্দ্র বর্মন এবং ডঃ শাহাদত আলী।

শোকসভায় বক্তাগণ ডঃ দিলীপ কুমার ভট্টাচার্যের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং তাকে একজন অসাম্প্রদায়িক, মানবতাবাদী ও মহৎ হৃদয়ের অধিকারী হিসেবে অভিহিত করেন। সভার এক প্রস্তাবে গুণী ব্যক্তি ও সুযোগ্য শিক্ষক ডঃ দিলীপ ভট্টাচার্যের স্মৃতিকে স্মরণীয় করে রাখার জন্য স্মারক বক্তৃতা, স্মারকগ্রন্থ প্রকাশ ও তার দেয়া অনুদান থেকে ট্রাস্ট ফান্ড গঠনের আহবান জানানো হয়।